

## **Parts of Speech (Definition, Types , Examples & Use**

বলা হয়ে থাকে Parts of Speech ইংরেজি ব্যাকরণের এক তৃতীয়াংশ । অর্থাৎ Parts of Speech ভালভাবে বুঝতে পারলে এবং এর সঠিক ব্যবহার করতে পারলে আপনি ইংরেজি ব্যাকরণ নিয়ে আর ভয় পাবেন না । ইংরেজির যত ভয় এই Parts of Speech এবং Tense কে কেন্দ্র করেই । কাজেই এক টিউটরিয়ালে বা একবারেই এটি আত্মস্থ করতে পারবেন না । ধীরে ধীরে বুঝে বুঝে প্রচুর অনুশীলনের মধ্য দিয়ে গেলেই কেবল এটি ভালভাবে আত্মস্থ করতে পারবেন । কাজেই আমি ও এক টিউটরিয়ালে এত কিছু ডিটেইলস আলোচনা না করে Parts of Speech এর প্রত্যেকটি প্রকারভেদের প্রাথমিক ধারণা দেয়ার চেষ্টা করব । তবে এই টিউটরিয়ালেই প্রত্যেকটি প্রকারভেদের আরো বিস্তারিত আলোচনার টিউটরিয়াল লিংক করে রাখছি । যাতে করে এই

টিউটরিয়াল থেকেই Parts of Speech এর ইন ডিটেইলস ধারণা  
নিতে পারেন। চলুন তাহলে কথা না বাড়িয়ে শুরু করা যাক ।

## **What is Parts of Speech ?**

---

বাক্যে আমরা বিভিন্ন শব্দ ব্যবহার করি। সব শব্দের অর্থ এক নয়,  
সব শব্দের অর্থ এক জাতীয় নয় । যেমন,

Rahim is a good boy who loves his younger brother very much.

( রহিম একজন ভাল ছেলে যে তার ছোট ভাইকে অত্যন্ত  
ভালবাসে । )

বাক্যটিতে Rahim, is, a, boy, good, who, loves, younger, very ---

-- প্রত্যেকটি শব্দই ভিন্ন জাতীয় এবং এরা প্রত্যেকেই ভিন্ন ভিন্ন

অর্থ প্রকাশ করে । এইসব বিভিন্ন অর্থ প্রকাশক word ব্যবহার

করি বলেই আমরা একটিমাত্র বাক্যে অনেক রকমের ভাব

ফুটিয়ে তুলতে পারি। তাহলে অর্থ অনুসারে ইংরেজি শব্দের

শ্রেণীবিভাগ জানা প্রয়োজন। আপনাদের পড়ার এবং একসঙ্গে একটি মোটামুটি ধারণা নিতে সাহায্য করার জন্য নিচে প্রথমে অতি সংক্ষেপে ইংরেজি word-এর অর্থ অনুসারে classification (শ্রেণীবিভাগ)) দেখান হল। তবে তার আগে জেনে রাখেন, এই সকল word দিয়ে speech বা বাক্য বা বক্তব্য গঠিত হয় বলে এরা প্রত্যেকেই বক্তব্যের এক একটি part বা অংশ। আর এজন্যেই এদেরকে বলা হয় Parts of Speech.

**Definition (সংজ্ঞা) :** When words are classified according to what work they do as small parts of a whole sentence, they are called parts of speech. (একটি পূর্ণাঙ্গ বাক্যের অংশ হিসেবে কোন শব্দ যে কাজ করে বা অর্থ প্রকাশ করে তার ভিত্তিতে শব্দকে শ্রেণীবিভক্ত করা হলে তখন তাকে বলে parts of speech.)

## Parts of Speech এর প্রকারভেদঃ

---

Parts of Speech আট প্রকার যথা :

Noun (বিশেষ্য)

Pronoun (সর্বনাম)

Adjective (নাম বিশেষণ)

Verb (ক্রিয়া বা কাজ)

Adverb (ক্রিয়া বিশেষণ)

Preposition (পদান্বয়ী অব্যয়)

Conjunction (সংযোজক অব্যয়)

Interjection (আবেগ সূচক অব্যয়)

নিচের ছকের মাধ্যমে বিভিন্ন রকমের Parts of speech

উদাহরণসহ দেখানো হল । এর পরে আমরা বিস্তারিতভাবে

এদের সম্বন্ধে জানব ।

Parts of Speech	সংক্ষিপ্ত পরিচয়	Example
<u>Noun</u>	যে কোন নাম	Rahim, Dhaka, poet etc.
<u>Pronoun</u>	সর্বনাম, নামের পরিবর্তে ব্যবহৃত শব্দ	he, she, they, them, their, we, our etc.
<u>Adjective</u>	গুণ, দোষ, অবস্থা প্রকাশক শব্দ	good, bad, beautiful, nice, fine, fat etc.
<u>Verb</u>	কোন কিছু করা	do, go, sleep, run, dance, fight, kill,

		etc.
<b><u>Adverb</u></b>	ক্রিয়া কিভাবে, কখন, কোথায় সম্পন্ন হল তা বোঝায়	well, nicely, there etc.
<b><u>Preposition</u></b>	word-এর আগে বসে পূর্ববর্তী word-এর সাথে ঐ word-এর সম্পর্ক স্থাপন করে।	in, into, for, from, to, off etc.
<b><u>Conjunction</u></b>	দুই বা ততোধিক word/clause-কে যুক্ত করে।	and, but, for, as, if yet, because, unless etc.

<u><b>Interjection</b></u>	আনন্দ, দুঃখ, আবেগ, হঠাৎ প্রকাশিত বিষয়, ঘৃণা, ভয় ইত্যাদি প্রকাশ করে।	Alas! (হায়!), Fie! (ছি!), Hush! (চুপ!), Hurrah! (কী মজা!) etc.
----------------------------	--	--

### **Detailed Discussion (বিস্তারিত আলোচনা)**

### **Noun (বিশেষ্য)**

---

**Definition :** A noun is the name of any human, object, place, or action. (বিশেষ্য হল কোন ব্যক্তি, বস্তু, স্থান, বা ক্রিয়ার নাম।)

#### **Examples :**

**Name of human ( ব্যক্তি ) :** Rahim, Jerry, Tom, Khuku.

**Name of object ( বস্তু ) :** book, calculator, bamboo.

**Name of place ( স্থান ) :** Dhaka, Bhanderkote, Khulna, Comilla,  
India, America.

**Name of action ( ক্রিয়া ):** hesitation (দ্বিধা), purification

(বিশুদ্ধকরণ), function (কাজ).

## **Pronoun (সর্বনাম)**

---

**Definition:** A pronoun is a word used in place of a noun. (Noun-

এর পরিবর্তে ব্যবহৃত শব্দকে pronoun বলে)

**Example :** সুমন ভাল ছেলে। সুমন প্রত্যহ স্কুলে যায়। সুমন মা-  
বাবার কথা মেনে চলে।

বাক্যগুলোতে বারবার “সুমন” শব্দটি ব্যবহৃত হয়ে তাদের  
শ্রুতিমাধুর্য নষ্ট করেছে। কিন্তু এই শ্রুতিমাধুর্য একটি উপায়ে রক্ষা  
করা যায়। তা হল, প্রথম বাক্যের পর প্রতি বাক্যের “সুমন” এর  
স্থলে “সে” ব্যবহার করতে হবে। যেমন :

সুমন ভাল ছেলে। সে প্রত্যহ স্কুলে যায়। সে মা-বাবার কথা মেনে

চলে ।

**ইংরেজীতে :** Shuman is a good boy. He goes to school  
everyday. He abides by his parents' orders.

এই He হল pronoun. এভাবে—they, you, we, our, us, mine, ours,  
your, yours, his, her, hers, it, its, them, their, theirs, this, that,  
these, who, what, which ইত্যাদি হল pronoun.

## Adjective (নাম বিশেষণ)

---

Definition: An adjective is a word that qualifies a noun or a pronoun. (Noun বা pronoun কে বিশেষিত করে এমন শব্দকে adjective বলে।)

Examples :

Rahim is a good boy.

She is a beautiful girl.

Jesmine wears (পরিধান করে) a blue skirt .

লক্ষ্য কর, ১ম sentence-এ good (ভাল)—word টি দ্বারা 'boy' word-টির গুণ তুলে ধরা হচ্ছে। ২য় sentence-এ 'beautiful' word-টি দ্বারা girl word-টির গুণ বুঝাচ্ছে। ৩য় sentence-এ blue (নীল)—শব্দটি দ্বারা skirt (এক প্রকার জামা) এর বৈশিষ্ট্য বুঝানো হচ্ছে। এভাবে adjective দ্বারা কোন গুণ, দোষ, অবস্থা, বৈশিষ্ট্য ইত্যাদি বুঝানো হয়। কিন্তু বলত

এসব দোষ, গুণ অবস্থা কার? verb-এর? অবশ্যই না।

Adjective সবসময়ই noun বা pronoun- এর দোষ, গুণ

ইত্যাদি বুঝায়। (Verb-এর ও অবস্থা বুঝানো যায়। তবে সে

ধরনের word হল adverb, adjective নয়।)

Adjective এর আরও কতগুলো example দেখুন :

fine, hard, ugly (কুৎসিত), naughty (দুষ্ট), rich, little, small, a,

two, much, first, second, etc.

## Verb (ক্রিয়া বা কাজ)

---

**Definition:** A verb is a word that expresses some action. (Verb

হল সেই word যা কোন কাজ প্রকাশ করে।)

**Examples :** কোন কিছু করা, খাওয়া, ধরা, মারা, বোঝা, ভাবা,

খেলা, বা ভাঙা হল একেকটি কাজ। যে word দিয়ে এই “কাজ” বা

action বুঝানো হয় তাকে বলে verb. নিচে কতকগুলো verb এর

উদাহরণ দেওয়া হল :

Be, have, do, run, go, come, love, take, give, think, laugh, dance, sing, jump, see, tell etc.

## **Adverb (ক্রিয়া বিশেষণ)**

---

**Definition :** An adverb is a word that modifies a verb, an adjective, or another adverb. (Adverb হল এমন word যা কোন verb, adjective, বা অন্য কোন adverb কে বিশেষায়িত করে বা তার সাথে নতুন অর্থ যোগ করে।)

### **Explanation & Examples (ব্যাখ্যা ও উদাহরণ)**

(a) যখন verb কে modify করে :

swiftly, well, strongly, forcibly (জোরপূর্বক) etc. যেমন:

He runs swiftly. (সে দ্রুত দৌড়ায়।) এখানে “দ্রুত” শব্দটি

দৌড়ানোর “ধরন” বুঝাচ্ছে। নিচের প্রশ্নগুলো ক'রে যে word

থেকে উত্তর পাওয়া যাবে তা হল adverb.

**(1). How? (কেমন করে? )**

যেমন, কেমন ক'রে দৌড়ায়? উত্তর, “দ্রুত” দৌড়ায় ।

সুতরাং দ্রুত” বা swiftly হল adverb.

**(2) When? (কখন?)**

যেমন, He came in the morning. যদি প্রশ্ন করা হয় “কখন?”

তাহলে উত্তর পাওয়া . যায় “সকালে” বা “in the morning”. সুতরাং

এটি হল adverb. অবশ্য এটি একটি মাত্র শব্দ নয়, কতকগুলো

শব্দের সমষ্টি। তাই এটি হল adverbial phrase. Phrase সম্বন্ধে

আমরা পরে জানব।

He will go soon. (সে শীঘ্রই যাবে।) sentenceটিতে soon হল

adverb.

**(3) Where? (কোথায়?)**

He lives here. সে “কোথায়” থাকে? উত্তর হল “এখানে” (here).

সুতরাং "here" হল adverb.

**(b) যখন adjective কে modify করে :**

He is a good boy-sentenceটিতে "good" হল adjective. যদি good

এর অর্থকে আরও শক্তিশালী করতে চাই তাহলে লিখতে পারি :

He is a very good boy. এখানে very হল adverb.

**(c) যখন অন্য কোন adverbকে modify করে :**

He runs swiftly—এখানে swiftly হল adverb. কিন্তু যদি লিখি—

He runs very swiftly. তাহলে swiftly-র আগে আরও একটি

adverb পাওয়া যায় । very হল সেই adverb.

## **Preposition (পদান্বয়ী অব্যয়)**

---

Pre = আগে, পূর্বে; Position = স্থান। Preposition হল সেই সব

word যারা কোন শব্দের আগে বসে পূর্ববর্তী word আর ঐ word

এর মধ্যে সম্পর্ক স্থাপন করে । তাহলে—

**Definition:** A preposition is a word placed before a noun or a pronoun to show its relation to some other word in the sentence.

**Examples :** I have a love for him. (তার জন্য আমার ভালবাসা আছে)। এখানে for মানে হল “জন্য” । এই শব্দটি love এবং him

এর মধ্যে যোগসূত্র স্থাপন করছে।

আবার, She went into the room. এখানে into শব্দটি দিয়ে তার যাওয়া ও room এর মধ্যকার সম্পর্ক প্রকাশিত হচ্ছে। এই into হল একটি preposition.

আগের উদাহরণের forও একটি preposition. এরূপ আরও

কতকগুলো উদাহরণ নিচে দেওয়া হল :

at, to, by, on, of, over, above, behind, from, with, below, under, beside ইত্যাদি ।

## Conjunction (সংযোজক অব্যয়)

---

**Definition :** A conjunction is a word used to join two or more sentences. (দুই বা ততোধিক sentence কে যে word একত্রে যুক্ত করে তাকে conjunction বলে)

**Examples :** করিম সেখানে গিয়েছিল, (Karim went there.)

রহিম সেখানে গিয়েছিল। (Rahim went there.)

বাক্য দুটিকে যদি যুক্ত করে লিখতে চাই তাহলে লিখতে হয়—

করিম ও রহিম সেখানে গিয়েছিল (Karim **and** Rahim went there.)

এই and দ্বারাই বাক্য দুটিকে একটি বাক্যে পরিণত করা সম্ভব হয়েছে। সুতরাং and হল conjunction. আবার—

He is poor (সে গরিব) এবং

He is honest (সে সৎ)

বাক্য দু'টিকে একত্র করে নিচের মত ক'রে লেখা যায় :

He is poor **but** honest. (সে গরিব কিন্তু সৎ) এক্ষেত্রে but হল conjunction.

এরূপ আরও কয়েকটি conjunction হল : As, if, unless, until, till, while, lest, because, however ইত্যাদি।

### **Interjection (আবেগ সূচক অব্যয়)**

---

**Definition:** An interjection is a word which expresses some strong and sudden feeling or emotion.

(প্রবল তাৎক্ষণিক আবেগ প্রকাশক word হল interjection.)

**Example :** হায়! সে আর বেঁচে নেই। ( Alas! He is no more.)

বাক্যটিতে “হায়!” শব্দটি দিয়ে হৃদয়ের প্রবল বেদনা প্রকাশিত হয়েছে। এটি হল interjection. এভাবে :

**Fie!** You are a thief. (ছি! তুমি একটি চোর।)

**Hello!** where are you going? (ওহে! কোথায় চলেছ?)

**Hurrah!** we have won the game. (কী মজা! আমরা খেলায়  
জিতেছি।)

**Hush!** The Headmaster comes. (চুপ! প্রধান শিক্ষক আসছেন।)

উপরের বাক্যগুলোতে Fie, Hello, Hurrah, Hush—এগুলো হল  
interjection.